

স্মারক নম্বর: ০৫.০১.১৫৪১.০৬২.২৫.০০৮.১৯.৯৭

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৬

২৯ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: আরপিএটিসি, চট্টগ্রামে নভেম্বর, ২০১৯খ্রি. অনুষ্ঠিতব্য প্রশিক্ষণসমূহে অংশগ্রহনকারী মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক সরকারি দক্ষ গণকর্মচারী গড়ে তোলার লক্ষ্যে প্রশিক্ষণের গুরুত্ব বিবেচনা করে আধুনিক যুগের সাথে তাল মিলিয়ে যুগোপযোগী প্রশিক্ষণ কর্মসূচী ২০১৯-২০২০খ্রি. (সংযুক্ত) প্রনয়ন করা হয়েছে। সে অনুযায়ী আগামী নভেম্বর, ২০১৯খ্রি. নিম্নোক্ত ছক মোতাবেক (লক্ষ্যমাত্রা প্রতি কোর্সে ২৫ জন) আরপিএটিসি, চট্টগ্রামে কোর্সসমূহ অনুষ্ঠিত হবে।

| ক্র. নং | কোর্সের নাম ও তারিখ | যোগ্য পদ |
|---------|--|---------------------|
| ১. | Fundamental Training Course(Nov. 3-23, 2019) | পদের গ্রেড ১৩-১৬ তম |
| ২. | Conduct & Discipline Course (Nov. 24-28, 2019) | পদের গ্রেড ১৩-১৬ তম |
| ৩. | Fundamental Training Course (Nov. 17-30, 2019) | পদের গ্রেড ১৭-২০ তম |

২। কেন্দ্রের অনুষদ সদস্যবৃন্দের পাশাপাশি দক্ষ ও অভিজ্ঞ অতিথিবক্তাগণ প্রশিক্ষক হিসেবে উক্ত প্রশিক্ষণে দায়িত্ব পালন করবেন।

৩। মনোনীত প্রশিক্ষার্থীগণের মনোনয়ন পত্র কোর্স শুরু হওয়ার কমপক্ষে ০২(দুই) দিন আগে ই-মেইলে এবং হার্ডকপি কেন্দ্রে পৌঁছানোর সাথে bit.ly/rpatcreg ওয়েবলিংক এ প্রবেশ করে নিবন্ধন সম্পন্ন করা আবশ্যিক। মনোনয়ন দানের ক্ষেত্রে প্রশিক্ষণের কার্যকারিতা ও প্রায়োগিক দিক বিবেচনায় রেখে অপেক্ষাকৃত নবীন কর্মচারীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। মনোনয়ন পত্রে মনোনীত কর্মচারীর পদের গ্রেড, মোবাইল নম্বর, ফ্যাক্স নম্বর ও ই-মেইল আবশ্যিক ভাবে উল্লেখ করতে হবে।

৪। মনোনীত প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণ শুরু হওয়ার দিন মনোনয়নের কপি, অবমুক্তির আদেশ এবং পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি রঙিন ছবিসহ সকাল ০৯:০০ টায় এ কেন্দ্রে (আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, আসকার দিঘির পশ্চিম পাড়, ১০, এস. এস. খালেদ রোড, চট্টগ্রাম-৪০০০) রিপোর্ট করতে হবে।

৫। প্রশিক্ষার্থীগণের আবাসন ব্যবস্থা হিসেবে কেন্দ্রের নিজস্ব আসবাব-সজ্জিত ডরমিটরী রয়েছে।


৬। প্রশিক্ষার্থীগণকে এ কেন্দ্র হতে সরকার কর্তৃক প্রবর্তিত নতুন হারে (গ্রেড ১০ কর্মচারীর জন্য ৫০০/- এবং গ্রেড ১১-২০ কর্মচারীর জন্য ৪০০/- দৈনিক) প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।

৭। মহিলা প্রশিক্ষার্থীদের জন্য পৃথক আবাসন সুবিধা রয়েছে। তবে শিশুসন্তান ও গৃহপরিচারিকাসহ ক্যাম্পাসে থাকার সুযোগ নেই।

৮। মনোনীত প্রশিক্ষার্থীকে ওয়েবলিংক এ নিবন্ধন সম্পন্ন করে অফিস চলাকালীন সময়ে নিচের নাম্বারে ফোন করে প্রশিক্ষণে অংশগ্রহনের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় প্রশিক্ষণে অংশগ্রহন সম্ভব হবেনা।

এমতাবস্থায়, বিষয়োক্ত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নিমিত্ত মহোদয়ের নিয়ন্ত্রণাধীন দপ্তরসমূহের মধ্য হতে উপরোক্ত ছক মোতাবেক প্রতি কোর্সে আপনার প্রতিষ্ঠানের ২(দুই) জন কর্মচারী (পুরুষ/মহিলা) মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

যোগাযোগ: জনাব মো: ওয়ারেছ আলী, প্রশিক্ষণ সহকারী (অ.দা.) মোবাইল: ০১৫৩৪৩৮৮০৮০ (অফিস চলাকালীন)



২৯-৯-২০১৯

মোসাঃ রোকেয়া পারভীন

উপপরিচালক(উপসচিব)

ফোন: ০৩১৬১৩৬৯১

ফ্যাক্স: ০৩১২৮৬৭৭৩৮

ইমেইল: ddrpatcctg@gmail.com

প্রশিক্ষার্থী মনোনয়নের জন্য পত্র প্রাপক